# উপবৃত্তি সংক্রান্ত সচরাচর প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন: মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থীগণ উপবৃত্তির আবেদন কি ভাবে করব?**

উত্তর: ১. শিক্ষার্থীকে অবশ্যই মাধ্যমিক পর্যায়ে ষষ্ঠ শ্রেণি এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে একাদশ/আলিম শ্রেণির শিক্ষার্থী হতে হবে। এছাড়া নিন্মমাধ্যমিক স্কুল হতে মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানে নবম শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থী।

২. শিক্ষা বছরের শুরুতে উপবৃত্তির আবেদনের আগ্রহীগণ শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণি শিক্ষকের নিকট হতে ফরম সংগ্রহ করে পুরুন করবেন।

৩. শিক্ষা প্রতিষ্ঠান প্রধান অনলাইনে www.pmeat.gov.bd তে প্রবেশ করে ই-সেবা/অভ্যান্তরীন ই-সেবা মেনুতে HSP-MIS বাটনে ক্লিক করুন। ইউজার আইডি অপশনে শিক্ষা প্রতিষ্ঠানের EIIN নম্বর এবং স্বস্ব পাসওয়ার্ড দিয়ে লগইন করে প্রাথমিক নির্বাচনের অপশনের নতুন শিক্ষার্থী এন্ট্রি বাটনে ক্লিক করে আবেদন করুন।

**প্রশ্ন: HSP-MIS এ শিক্ষা প্রতিষ্ঠানের পাসওয়ার্ড পরিবর্তন করব কি ভাবে?**

**উত্তর: ১. HSP-MIS এ শিক্ষা প্রতিষ্ঠানের User ID (শিক্ষা প্রতিষ্ঠানের EIIN নম্বর) এবং বর্তমান পাসওয়ার্ড প্রদান করে Log in করুন।**

**২. Log in করার পর ড্যাশ বোর্ড পেইজ এর উপরে ডান দিকে ইউজার নামের উপর ক্লিক করুন।**

**৩. ইউজার প্রোফাইলে ক্লিক করুন।**

**৪. মৌলিক তথ্য শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের নাম, মোবাইল নম্বর এবং ইমেইল ভুল থাকলে সংশোধন করুন।**

**৫. পাসওয়ার্ড পরিবর্তণ বাটনে ক্লিক করুন। বর্তমান পার্সওয়ার্ড এবং নতুন পাসওয়ার্ড (অবশ্যই কমপক্ষে ০৬ সংখ্যার হতে হবে, এবং একটি অক্ষর বড় হাতে হতে হবে। যেমন: Bbc123) দিন। উপরে ডান দিকে পাসওয়ার্ড পরিবর্তণ করুন বাটনে ক্লিক করুন।**

**প্রশ্ন: আবেনকারী শিক্ষার্থীদের তালিকা দেখব কিভাবে/ প্রিন্ট করব কিভাবে?**

উত্তর: ১. HSP-MIS এর রিপোর্ট মেনুতে ক্লিক করে সাবমেনু শিক্ষার্থীর রিপোর্ট এ ক্লিক করুন।

২. রিপোর্টের নাম ড্রপডাউন থেকে আবেদনকারীর বিস্তারিত প্রতিবেদন সিলেক্ট করুন।

৩. অর্থবছর, ভর্তির শিক্ষাবর্ষ ইত্যাদি সিলেক্ট করে রিপোর্ট দেখুন বাটনে ক্লিক করে রিপোর্ট প্রিন্ট করুন।

**প্রশ্ন: উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের তালিকা দেখব কিভাবে/ প্রিন্ট করব কিভাবে?**

উত্তর: ১. HSP-MIS এর রিপোর্ট মেনুতে ক্লিক করে সাবমেনু শিক্ষার্থীর রিপোর্ট এ ক্লিক করুন।

২. রিপোর্টের নাম ড্রপডাউন থেকে **উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীর বিবরণী রিপোর্ট** সিলেক্ট করুন।

৩. অর্থবছর, ভর্তির শিক্ষাবর্ষ ইত্যাদি সিলেক্ট করে রিপোর্ট দেখুন বাটনে ক্লিক করে রিপোর্ট প্রিন্ট করুন।

**প্রশ্ন: শিক্ষা প্রতিষ্ঠানের উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের সংখ্যাগত রিপোর্ট/সারসংক্ষেপ দেখব কিভাবে/ প্রিন্ট করব কিভাবে?**

উত্তর: ১. HSP-MIS এর রিপোর্ট মেনুতে ক্লিক করে সাবমেনু শিক্ষার্থীর রিপোর্ট এ ক্লিক করুন।

২. রিপোর্টের নাম ড্রপডাউন থেকে **উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীর সারসংক্ষেপ রিপোর্ট** সিলেক্ট করুন।

৩. অর্থবছর, ভর্তির শিক্ষাবর্ষ ইত্যাদি সিলেক্ট করে রিপোর্ট দেখুন বাটনে ক্লিক করে রিপোর্ট প্রিন্ট করুন।

**প্রশ্ন: উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীরা কে কত টাকা পেল এবং কোন কোন শিক্ষার্থীর টাকা বাউন্স ব্যাক (টাকা পাঠানো হয়েছে কিন্তু হিসাবধারীর তথ্য ভুল থাকার কারণে টাকা ফেরত এসেছে) রিপোর্ট দেখব কিভাবে/ প্রিন্ট করব কিভাবে?**

উত্তর: ১. HSP-MIS এর রিপোর্ট মেনুতে ক্লিক করে সাবমেনু পেরোল রিপোর্ট এ ক্লিক করুন।

২. রিপোর্টের নাম ড্রপডাউন থেকে **পেমেন্ট স্ট্যাটাস রিপোর্ট** সিলেক্ট করুন।

৩. অর্থবছর, পেমেন্ট এর অবস্থা ইত্যাদি সিলেক্ট করে রিপোর্ট দেখুন বাটনে ক্লিক করে রিপোর্ট প্রিন্ট করুন।

**প্রশ্ন: উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে কোন কোন শিক্ষার্থীর টাকা বাউন্স ব্যাক (টাকা পাঠানো হয়েছে কিন্তু হিসাবধারীর তথ্য ভুল থাকার কারণে টাকা ফেরত এসেছে) রিপোর্ট দেখব কিভাবে/ প্রিন্ট করব কিভাবে?**

উত্তর: ১. HSP-MIS এর রিপোর্ট মেনুতে ক্লিক করে সাবমেনু পেরোল রিপোর্ট এ ক্লিক করুন।

২. রিপোর্টের নাম ড্রপডাউন থেকে **পেমেন্ট স্ট্যাটাস রিপোর্ট** সিলেক্ট করুন।

৩. অর্থবছর, পেমেন্ট এর অবস্থার ড্রপডাউন থেকে বাউনস্ড সিলেক্ট করে রিপোর্ট দেখুন বাটনে ক্লিক করে রিপোর্ট প্রিন্ট করুন।

**প্রশ্ন: উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীর টাকা বাউন্স ব্যাক অর্থ কি?**

উত্তর: শিক্ষার্থীর একাউন্টে টাকা পাঠানো হয়েছে কিন্তু হিসাবধারীর তথ্য ভুল থাকার কারণে বাংলাদেশ ব্যাংকে টাকা ফেরত এসেছে।

**প্রশ্ন: উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের তালিকায় নাম আছে কিন্ত শিক্ষার্থীর টাকা প্রেরণ করা হয়নি অথবা ইতিপূর্বে টাকা পেয়েছে বর্তমানে টাকা পাননি।**

উত্তর: ১. মোবাইল ব্যাংকিং (বিকাশ, রকেট, নগদ, উপায় ইত্যাদি) এর একাউন্ট খোলার সময় HSP-MIS এ শিক্ষার্থীর আবেদনে বর্ণিত অভিবাবকের নাম এবং এনআইডি ব্যবহার করে খুলতে হবে।

২. মোবাইল ব্যাংকিং (বিকাশ, রকেট, নগদ, উপায় ইত্যাদি) হিসাবধারীর নামের অংশে অবশ্যই শিক্ষার্থীর অভিবাবকের নাম হবে। হিসাবধারীর নামের অংশে শিক্ষার্থীর নাম থাকলে টাকা প্রেরণ করা হয় না।

**প্রশ্ন: শিক্ষার্থীর নামে একাউন্ট খোলা যাবে কিনা?**

উত্তর: মোবাইল ব্যাংকিং (বিকাশ, রকেট, নগদ, উপায় ইত্যাদি) ব্যতিত যেকোন তফসিলি ব্যাংকে (সোনালী, রুপালী, অগ্রণী, জনতা, ইসলামী ব্যাংক ইত্যািদি) শিক্ষার্থীর নামে অভিবাবকের এনআইডি ব্যবহার করে স্কুল ব্যাংকিং একাউন্ট খোলা যাবে। HSP-MIS এ শিক্ষার্থীর আবেদনে স্কুল ব্যাংকিং (সোনালী, রুপালী, অগ্রণী, জনতা, ইসলামী ব্যাংক ইত্যািদি) হিসাবধারীর নামের অংশে শিক্ষার্থীর নাম হবে। স্কুল ব্যাংকিং এ হিসাবধারীর নামের অংশে শিক্ষার্থীর নাম থাকলে টাকা প্রেরণ করা হয়।

**প্রশ্ন: কি কি কারণে উপবৃত্তির আবেদনকারী শিক্ষার্থীগণ উপবৃত্তির জন্য নির্বাচিত হয় না?**

উত্তর: HSP-MIS এ শিক্ষার্থীদের আবেদনের সময় বিভিন্ন প্রশ্নের উত্তর সিলেক্ট করতে হয়। প্রত্যেকটি প্রশ্নের বিপরীতে সফটওয়্যারে নম্বর প্রদান করা আছে। প্রতিবছর Cut off marks (নির্বাচনি নম্বর) ভিত্তিতে আবেদন করা শিক্ষার্থীর মধ্যে উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী নির্বাচিত করা হয়। এছাড়া ডুপ্লিকেট জন্মনিবন্ধন নম্বর ব্যবহার, ডুপ্লিকেট ব্যাংক একাউন্ট/মোবাইল ব্যাংকিং একাউন্ট নম্বর ব্যবহার, একাউন্ট নম্বর ফরমেট সঠিক না থাকা , অভিভাবকের নামের সাথে হিসাবধারীর নাম মিল না থাকা ইত্যাদি কারণে শিক্ষার্থীগণ উপবৃত্তির জন্য অনির্বাচিত হয়।

**প্রশ্ন: কি কি কারণে উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীগণের উপবৃত্তির অর্থ যায় না/বাউন্সব্যাক (Bounced Back) হয়?**

উত্তর: নিম্মোক্তভাবে উপবৃত্তির আবেদন ফরম অনলাইনে পুরুন না করলে উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীগণের উপবৃত্তির অর্থ বাউন্সব্যাক (Bounced Back) হতে পারে:

১. HSP-MIS এ উপবৃত্তির আবেদনের অনলাইন ফরম এর পেমেন্ট তথ্য অংশে মোবাইল ব্যাংকিং (বিকাশ, রকেট, নগদ, উপায় ইত্যাদি) সিলেক্ট করলে হিসাবধারীর নাম শিক্ষার্থীর অভিবাবকের নাম হবে অর্থ্যাৎ মোবাইল ব্যাংকিং (বিকাশ, রকেট, নগদ, উপায় ইত্যাদি) শিক্ষার্থীর অভিবাবকের নামে খুলতে হবে। হিসাবধারীর নামের অংশে শিক্ষার্থীর নাম প্রদান করলে টাকা বাউন্সব্যাক হয়।

২. স্কুল ব্যাকিং এর ক্ষেত্রে হিসাবধারীর নামের অংশে শিক্ষার্থীর নাম হবে। যৌথ নামের একাউন্টের ক্ষেত্রে শিক্ষার্থী এবং অভিবাববকের নাম হবে।

৩. তফসিলি ব্যাংকের ক্ষেত্রে:

৪. হিসাবধারীর নামের অংশে শিক্ষার্থীর অভিবাবকের নাম হতে হবে।

৫. ব্যাংকের নাম, শাখার নাম এবং শাখার রাউটিং নম্বর একাউন্ট এর MICR চেক বই দেখে পুরুন করেতে হবে।

৬. হিসাবের ধরণ সঞ্চয়ী/চলতি তা যথযথভাবে সিলেক্ট করতে হবে।

৭. হিসাবের নাম অবশ্যই এবং হিসাব নম্বর একাউন্ট এর MICR চেক বই দেখে হবহু ইংরেজীতে পুরুন করতে হবে।

৮. মোবাইল ব্যাংক একাউন্ট এবং মোবাইল নম্বরটি অবশ্যই সচল (Active) থাকতে হবে।

৯. মোবাইল ব্যাংক একাউন্টটি KYC (**Know Your Customer**) ফরম পুরুন না থাকলে সংশ্লিষ্ট কাস্টমার কেয়ারে হতে সংগ্রহ করে অবশ্যই পুরুণ করতে হবে।

**প্রশ্ন: উপবৃত্তির আবেদনে অভিভাভক এর একাধিক সন্তান /শিক্ষার্থী একই মোবাইল ব্যাংকিং/ব্যাংকিং একাউন্ট নম্বর ব্যবহার করতে পারবে কিনা?**

**উত্তর:** একজন অভিবাবকের একাধিক সন্তান/শিক্ষার্থী উপবৃত্তির আবেদনে একটি একাউন্ট নম্বর ব্যবহার করতে পারবেন না। অর্থ্যাৎ একজন পিতাকে অভিবাবক অন্যজন মাতাকে অভিবাবক অথবা পিতা/মাতা জীবিত না থাকলে আইনগত ব্যক্তিকে অভিবাবক হিসেবে উল্লেখ করে উক্ত অভিবাবকের নামের একাউন্ট ব্যবহার করবেন।

**প্রশ্ন: কি কি কারণে শিক্ষা প্রতিষ্ঠানের টিউশন ফি-র অর্থ যায় না/বাউন্সব্যাক (Bounced Back) হয়?**

উত্তর: নিম্মোক্তভাবে প্রতিষ্ঠানের প্রোফাইল ফরম অনলাইনে পুরুন না করলে শিক্ষা প্রতিষ্ঠানের টিউশন ফি-র অর্থ/প্রেরণ করা হয় না/বাউন্সব্যাক (Bounced Back) হতে পারে:

০১. HSP-MIS এ উপবৃত্তির আবেদনের অনলাইন ফরম এর পেমেন্ট তথ্য অংশে ব্যাংকিং সিলেক্ট করলে প্রতিষ্ঠানের হিসাব নাম শিক্ষা প্রতিষ্ঠানের নামে খুলতে হবে। প্রতিষ্ঠানের হিসাব নামের অংশে কোন ব্যক্তির নাম (যেমন: শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নাম, সভাপতির নাম ইত্যাদি) প্রদান করলে টিউশন ফি-র টাকা প্রেরণ করা হয় না/বাউন্সব্যাক হয়।

০২. ব্যাংকের নাম, শাখার নাম এবং শাখার রাউটিং নম্বর একাউন্ট এর MICR চেক বই দেখে পুরুন করেতে হবে।

০৩. হিসাবের ধরণ সঞ্চয়ী/চলতি তা যথযথভাবে সিলেক্ট করতে হবে।

০৪. প্রতিষ্ঠানের হিসাবের নাম অবশ্যই MICR চেক বই/ব্যাংক স্টেটমেন্ট দেখে হবহু ইংরেজীতে পুরুন করতে হবে।

০৫. হিসাব নম্বর অবশ্যই ১১ থেকে ১৭ সংখ্যার হতে হবে।